

‘ফন্টের জন্য বর্ণ ডিজাইন’ প্রতিযোগিতা

বাংলা ডিজাইন ফন্ট তৈরির জন্য গ্রাফিক্যাল বর্ণমালা আহ্বান

তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষাকে সমৃদ্ধ করার লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি ডিভিশন বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। প্রাতিষ্ঠানিক প্রয়োজনে ব্যবহৃত ফন্টের তুলনায় বাংলা ডিজাইন ফন্টের অপ্রতুলতা রয়েছে, এছাড়াও সত্যজিৎ রায়, কাইয়ুম চৌধুরীর, সংবিধানে ব্যবহৃত অক্ষর-শিল্পের মতো শিল্পীর টাইপোগ্রাফি বা বাংলা পুথির লেখাকে থেকে বাংলা ফন্টে রূপান্তর করার সুযোগ রয়েছে, এছাড়াও কমিকসের ফন্ট, ক্যারিকেচারের ফন্ট, ডিজিট-বান্ধব কিংবা অন্য বিশেষায়িত ফন্ট তৈরির সুযোগ রয়েছে। এজন্য বাংলা বর্ণের সৌন্দর্যমণ্ডিত অবয়বকে ডিজিটাইজড করার লক্ষ্যে এবং প্রচলিত ফন্টের বাইরে আরও ডিজাইন ফন্ট তৈরির লক্ষ্যে টাইপোগ্রাফার, শিল্পী, গ্রাফিকস ডিজাইনার, ক্যালিগ্রাফার, ফন্টোগ্রাফারসহ সর্বসাধারণের নিকট সুন্দর হাতের লেখা বা বাংলা বর্ণমালার ডিজাইন আহ্বান করা হচ্ছে। যা একটি উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে পুরস্কৃত করা হবে এবং নির্বাচিত বর্ণমালার ডিজাইনগুলোকে ফন্টে রূপান্তর করা হবে।

নিয়মাবলি ও প্রয়োজনীয় তথ্য:

১। প্রতিযোগিতা দুটি পর্বে অনুষ্ঠিত হবে। প্রথম পর্বের জন্য আহ্বানকৃত ‘বর্ণমালা’, ভেক্টর গ্রাফিক্সে এঁকে পিডিএফ ফাইলে নিচে প্রদত্ত টেমপ্লেট/ছাঁচ অনুসরণ করে জমা দিতে হবে। টেমপ্লেটে যে টানা/ কনটিনিউয়াস বর্ণগুলো লিখতে হবে সেগুলো হলো:

"ঐ মিঞা অঘটন দেখ; উষাবেলা ঔপন্যাসিক ও তার দুঃখি ঋণী ভাই ঢাকা শহরের উচুতে যত ডাগর ফড়িং, ঈগল এবং ব্যাঙ আছে তাদের মাটি দিয়ে ঠেসে ধরে ঝাকাতে থাকল।"

২। প্রথম পর্বে মনোনীতদের নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে এবং কর্মশালা শেষে পুনরায় জমাদানকৃত বর্ণমালার ওপর চূড়ান্ত বিজয়ী নির্ধারিত হবে।

৩। প্রথম পর্বের প্রস্তাবনা একটি গুগল ফর্মের মাধ্যমে (<https://forms.gle/7R22bgDdBQA6vApA9>) জমা দিতে হবে।

৪। প্রতিযোগিতায় প্রথম পুরস্কার (০১টি) ১ লক্ষ টাকা, দ্বিতীয় পুরস্কার (০১টি) ৫০ হাজার টাকা, তৃতীয় পুরস্কার (০২টি) ২৫ হাজার টাকা এবং অনারেবল মেনশন (০৫টি) ১০ হাজার টাকা পুরস্কার হিসেবে রয়েছে। এছাড়াও প্রথম থেকে তৃতীয় স্থানের জন্য ফ্রেস্ট ও সকলের জন্য সার্টিফিকেট রয়েছে রয়েছে। পুরস্কারের জন্য প্রস্তাব জমাদান, প্রাথমিক মূল্যায়ন ভার্চুয়ালি অনলাইনে অনুষ্ঠিত হবে এবং কর্মশালা ও পুরস্কার বিতরণী আকর্ষণীয় অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হবে।

৫। প্রযুক্তিবিদ অধ্যাপক মুহম্মদ জাফর ইকবালের সভাপতিত্বে একটি বিশেষজ্ঞ বিচারক প্যানেল সংক্ষিপ্ত তালিকা তৈরি করবেন। সংক্ষিপ্ত তালিকাভুক্ত হওয়ার পর প্রতিযোগী ব্যক্তি/দলকে তাদের কাজ ভার্চুয়ালি উপস্থাপন করতে হবে। যা থেকে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে।

৬। প্রতিযোগিতায় একক ব্যক্তি বা দল হিসেবেও অংশ নেওয়া যাবে। সেক্ষেত্রে একটি দলের একজন মুখ্য প্রতিনিধি থাকবে। মেন্টরসহ এক দলে সর্বোচ্চ পাঁচজন থাকতে পারবে। দলের ক্ষেত্রে পুরস্কারের অর্থ ও ফ্রেস্ট একটি হবে, তবে সার্টিফিকেট স্বতন্ত্র হবে।

৭। পুরস্কারের জন্য হাতের লেখা/ফন্ট জমাদানের শেষ তারিখ ২১ ফেব্রুয়ারি ২০২২। রেজিস্ট্রেশন ও পুরস্কারের জন্য জমাদানের লিংকসহ বিস্তারিত www.bcc.gov.bd এবং www.bangla.gov.bd/bangladesignfont/ ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে। যেকোনো যোগাযোগের জন্য ইমেইল bangladesignfont@gmail.com, pdeblicl@bcc.gov.bd অথবা ফোন 02-55006869।

৮। নির্বাচিত ও পুরস্কৃত ডিজাইন থেকে ফন্ট তৈরি করবে বিসিসি, এবং ইতোমধ্যে তৈরিকৃত অপ্রকাশিত ফন্টকে পরিবর্তিত রূপ দেওয়া হবে। সেক্ষেত্রে বর্ণমালা, ডিজাইন, ফন্ট প্রভৃতি রিসোর্সের আইপিআর ও ওনারশিপ বিসিসির অনুকূলে প্রদান করা হবে যা সাধারণ জনগণের ব্যবহারের জন্য ওয়েবে উন্মুক্ত করা হবে।

৯। পুরস্কার ও প্রতিযোগিতার সকল ক্ষেত্রে বিচারক প্যানেলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।



বাংলা
bangla.gov.bd